

কেন জাগে না, জাগে না অবশ পরান—
 নিশিদিন অচেতন ধূলিশয়ান ?।
 জাগিছে তারা নিশীথ-আকাশে,
 জাগিছে শত অনিমেষ নয়ান ॥
 বিহগ গাহে বনে ফুটে ফুলরাশি,
 চন্দ্রমা হাসে সুধাময় হাসি—
 তব মাধুরী কেন জাগে না প্রাণে ?
 কেন হেরি না তব প্রেমবয়ান ?।
 পাই জননীর অযাচিত স্নেহ,
 ভাই ভগিনী মিলি মধুময় গেহ
 কত ভাবে সদা তুমি আছ হে কাছে,
 কেন করি তোমা হতে দূরে প্রয়াণ ?।

Parjaay: Puja, Taal: Jot, Raag: Behaag

Visit www.geetabitan.com for notation and other detail